# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

নং- ৫৩.১৬.২৬৬৬.৯৯৯.১১.০০২.২৩- ১৩ তারিখঃ ১০/০১/২০২৪ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ব্যাংকের নিম্নবর্ণিত শূন্যপদে সরাসরি নিয়োগের নিমিত্ত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ০১ | টেলিফোন অপারেটর<br>গ্রেড-১৬,<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | ১৮-৩০ বৎসর; তবে, প্রতিবন্ধী ও বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা / পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উত্তীর্ণ; এবং<br>(খ) টেলিফোন অপারেটর এর কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | বান্দরবান, সিলেট, নওগাঁ, বরিশাল, কুড়িগ্রাম, কুমিল্লা ও বাগেরহাট |
| ০২ | ফটোকপি মেশিন অপারেটর<br>গ্রেড-১৬,<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- | ০২ (দুই) টি | | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উত্তীর্ণ; এবং<br>(খ) ফটোকপি মেশিন অপারেটর এর কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। | সিলেট, নওগাঁ, বরিশাল, কুড়িগ্রাম, কুমিল্লা ও বাগেরহাট |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

ক. ৩১.০১.২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

খ. সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূলকপি জমা দিতে হবে;

গ. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণ করা হবে;

ঘ. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারীকৃত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে;

ঙ. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বিজ্ঞপ্তির সময়সীমা বর্ধিতকরণসহ নিয়োগ সংক্রান্ত অন্যান্য সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে;

চ. প্রার্থীদের বাছাই পরীক্ষা (MCQ/লিখিত পরীক্ষা অথবা উভয় পরীক্ষা) এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে;

ছ. পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে (www.pkb.gov.bd) এবং প্রার্থীদের মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না;

জ. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবেঃ

(১) অনলাইনে পূরণকৃত আবেদন ফরম (APPLICANT'S COPY); (সত্যায়িত করা আবশ্যক নয়)

(২) জাতীয় পরিচয় পত্র;

(৩) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ;

(৪) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কর্ম অভিজ্ঞতার সনদ;

(৫) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

(৬) চারিত্রিক সনদ;

(৭) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র কন্যা, এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

(৮) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সঙ্গে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

(৯) এতদ্‌সংক্রান্ত ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

ঝ. নির্বাচিত প্রার্থীদের প্যানেল সংরক্ষণ করা হবে;

ঞ. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে;

ট. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে;

ঠ. এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত সকল তথ্য ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে (www.pkb.gov.bd) পাওয়া যাবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/শর্তাবলিঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://pkb.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। অনলাইন (**online**) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১১.০১.২০২৪ খ্রি. সকাল ১০.০০টা।

ii. online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩১.০১.২০২৪ খ্রি. বিকাল ৫টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ online- এ আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং প্রাক্টিক্যাল পরীক্ষা/শারীরিক যোগ্যতার পরীক্ষা, MCQ/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী এবং পরীক্ষার ফি প্রদানঃ** online-এ আবেদনপত্র ( Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি User Id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User Id নম্বর দেয়া থাকবে এবং User Id নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ ২৩/-(তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: PKB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PKB ABCDEF

দ্বিতীয় SMS: PKB<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PKB YES ××××××××××

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pkb.teletalk.com.bd **অথবা প্রবাসী কল্যাণ ব্যাংকের ওয়েবসাইট** www.pkb.gov.bd **এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথা যময়ে জানানো হবে।** online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন **Print** করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি প্রাক্টিক্যাল পরীক্ষা/শারীরিক যোগ্যতার পরীক্ষা, MCQ/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS পদ্ধতি অনুসরণ করে** নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেনঃ

i. User ID জানা থাকলে PKB<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PKB HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে PKB<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PKB HELP PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও প্রবাসী কল্যাণ ব্যাংক এর ওয়েবসাইটে (www.pkb.gov.bd) অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.pkb.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail এর subject-এ Organization Name: PKB , Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট. **ডিক্লারেশন :** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১০/০১/২০২৪

(মোঃ নূর আলম সরদার)

মহাব্যবস্থাপক (প্রশাসন)